# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯১১

২৪/ হজ্জের নিয়ম পদ্ধতি (كتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ১২৭. কা'বার ভিতর সালাতের স্থান

مَوْضِعُ الصَّلاَةِ فِي الْبَيْتِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا سَيْفُ بْنُ سُلَيْمَانَ قَالَ سَمِعْتُ مُجَاهِدًا يَقُولُ أُتِيَ ابْنُ عُمَرَ فِي مَنْزِلِهِ فَقِيلَ هَذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ دَخَلَ الْكَعْبَةَ فَأَقْبَلْتُ فَأَجِدُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ خَرَجَ وَأَجِدُ بِلاَلاً عَلَى الْبَابِ قَائِمًا فَقُلْتُ يَا بِلاَلُ أَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكَعْبَةِ قَالَ نَعَمْ قُلْتُ أَيْنَ قَالَ مَا بَيْنَ هَاتَيْنِ الأُسْطُوَانَتَيْنِ رَكْعَتَيْنِ ثُمَّ خَرَجَ فَصَلَّى رَكْعَتَيْنِ فِي وَجْهِ الْكَعْبَةِ

বাংলা

২৯১১. আহমদ ইবন সুলায়মান (রহঃ) ... সাইফ ইবন সুলায়মান (রহঃ) বলেন, আমি মুজাহিদ (রহঃ)-কে বলতে শুনেছি যে, ইবন উমর (রাঃ)-এর ঘরে এসে তাঁকে বলা হলো যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাবায় প্রবেশ করেছেন। আমি এসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পেলাম, তিনি তখন বের হয়ে গিয়েছেন। আর আমি বিলালকে দরজায় দাঁড়ানো অবস্থায় পেলাম ! আমি বললামঃ হে বিলাল! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি কাবায় সালাত আদায় করেছেন? তিনি বললেনঃ হ্যাঁ। আমি বললামঃ কোথায়? তিনি বললেনঃ এই দুইস্তম্ভের মধ্যস্থলে তিনি দুই রাকাত সালাত আদায় করেছেন। তারপর তিনি বের হয়ে কা’বার দরজার সামনে দুই রাকাত সালাত আদায় করেছেন।

## English

Some one came to Ibn Umar in his house and said:
The Messenger of Allah has entered the Kabah." So Ibn Umar said, I (Ibn Umar) came and found that the Messenger of Allah had come out, and I found Bilal standing at the door. I said: "O Bilal, did the Messenger of Allah pray inside the Kabah?' He said: "Ues." I said: "Where>" He said: "Between

these two columns, two Rakahs. Then he came out and prayed two Rakahs in front of the Kabah."

## ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। সহীহ আবু দাউদ ১৭৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সাইফ ইবন সুলায়মান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76940

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন